# লজ্জা না থাকায় আ. লীগ আবার রাজনীতি করতে চায়: স্বরাষ্ট্রমন্ত্রী


স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, অতীতে আওয়ামী লীগের শাসনামলে সংঘটিত নির্যাতন, অনিয়ম ও লুণ্ঠনের অভিযোগ থেকে দলটি দায়মুক্ত হতে পারে না। তিনি দাবি করেন, এসব ঘটনার বিষয়ে দলটির মধ্যে অনুশোচনার প্রকাশও দেখা যায়নি। তবে সরকার প্রতিহিংসার রাজনীতিতে বিশ্বাস করে না এবং কারও রাজনৈতিক কর্মকাণ্ড বন্ধ করার সিদ্ধান্ত রাজনৈতিকভাবে নয়, বরং আইন ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমেই নির্ধারিত হবে।

বুধবার (১৫ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত ‘গণ-অভ্যুত্থানের বাঁক বদলের দিন’ শীর্ষক আলোচনা সভায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ফ্যাসিবাদী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ব্যক্তি বা গোষ্ঠী দেশের ভেতরে কিংবা বিদেশে যেখানেই অবস্থান করুক না কেন, তাদের আইনের আওতায় আনতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে।

LENS ASIA

তিনি আরও বলেন, ভবিষ্যতে কোনো সরকার যেন কর্তৃত্ববাদী বা ফ্যাসিবাদী প্রবণতার দিকে না যেতে পারে, সেজন্য জুলাইয়ের আন্দোলনের চেতনা ও গণতান্ত্রিক মূল্যবোধকে সমুন্নত রাখতে হবে।

দেশের বিভিন্ন ঐতিহাসিক আন্দোলন ও গণতান্ত্রিক সংগ্রামে শিক্ষার্থীদের অবদানের কথা তুলে ধরে তিনি বলেন, ছাত্রসমাজের এই গৌরবময় ঐতিহ্য অক্ষুণ্ণ রাখতে হবে এবং কোনোভাবেই ছাত্ররাজনীতিকে কলঙ্কিত হতে দেওয়া যাবে না।

একই সঙ্গে তিনি জুলাইয়ের চেতনা ও আন্দোলনের আদর্শকে সংকীর্ণ রাজনৈতিক স্বার্থে ব্যবহার না করার আহ্বান জানান।